গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮
শের-ই-বাংলা নগর, ঢাকা।

নং-২১.০০.০০০০.৩০৯.১৪.০১০.২০১৭- তারিখ: ৩০-১১-২০১৭ খ্রিষ্টাব্দ।

**বিষয়: "বান্দরবান পার্বত্য জেলার বিভিন্ন উপজেলায় গ্রামীণ সড়ক অবকাঠামো নির্মাণ"-শীর্ষক প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।**

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত "বান্দরবান পার্বত্য জেলার বিভিন্ন উপজেলায় গ্রামীণ সড়ক অবকাঠামো নির্মাণ" শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। আইএমই বিভাগ কর্তৃক প্রণীত উক্ত প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন কপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

২। পরিদর্শন প্রতিবেদনের উপর গৃহীত ব্যাবস্থা ১ (এক) মাসের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০৫ (পাঁচ) পাতা

৩০-১১-২০১৭

মো: মশিউর রহমান খান মিথুন
সহকারী পরিচালক
ফোন: ০১৭১৭২৫৮৯৯৬

সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২। চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
৩। প্রকল্প পরিচালক, "বান্দরবান পার্বত্য জেলার বিভিন্ন উপজেলায় গ্রামীণ সড়ক অবকাঠামো নির্মাণ",পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর,ঢাকা।
২। মহাপরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর,ঢাকা।
৩। পরিচালক, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর,ঢাকা।
৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা।

**চলমান প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন**

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী : মো: মশিউর রহমান খান মিথুন, সহকারী পরিচালক পরিদর্শন তারিখ: ০৩-১১-২০১৭

১। **প্রকল্পের নাম :** বান্দরবান পার্বত্য জেলার বিভিন্ন উপজেলায় গ্রামীণ সড়ক অবকাঠামো নির্মাণ।

২। **(ক) উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ:** পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

**(খ) বাস্তবায়নকারী সংস্থা:** পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

৩। **প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ( লক্ষ টাকায়):**

| মোট | টাকা(জিওবি) | প্রকল্প সাহায্য |
|---|---|---|
| ৪৯৭৫.০০ | ৪৯৭৫.০০ | - |

৪। **প্রকল্পের অর্থায়ণ ( ঋণ/অনুদান/ইকুইটি):** বাংলাদেশ সরকারের অনুদান

৫। **বাস্তবায়ন কাল:**

| আরম্ভ | সমাপ্তি |
|---|---|
| জুলাই, ২০১৬ | জুন, ২০২১ |

৬। **প্রকল্প এলাকা:**

| বিভাগ | জেলা | উপজেলা |
|---|---|---|
| চট্টগ্রাম | বান্দরবান | রুমা, নাইক্ষংছড়ি, লামা, আলীকদম, রৌয়াংছড়ি ও বান্দরবান সদর, |

৭। **প্রকল্প এলাকাভিত্তিক ডিপিপি'র সংস্থান:** অনুমোদিত ডিপিপি'তে বান্দরবান জেলার রুমা উপজেলার জন্য ১৭৯৭.৩৪ লক্ষ টাকা, নাইক্ষংছড়ি উপজেলার জন্য ৩৮৪.০০ লক্ষ টাকা, লামা উপজেলার জন্য ১৪০০.৪৩ লক্ষ টাকা, রৌয়াংছড়ি উপজেলার জন্য ৫৬৫.০০ লক্ষ টাকা, আলীকদম উপজেলার জন্য ৩০৭.৩০ লক্ষ টাকা এবং বান্দরবান সদরের জন্য ৩৯০.০০ লক্ষ টাকা সংস্থান রয়েছে।

৮। **সাধারণ পর্যবেক্ষণ:**

৮.১ **প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি:** পার্বত্য চট্টগ্রামের তিন পার্বত্য জেলার মধ্যে বান্দরবান অন্যতম। এর মোট আয়তন ৪,৭৪৯ বর্গ কিলোমিটার। লোক সংখ্যা ৩,৮৮,৩৩৫ জন। এখানে বাঙ্গালী জনগোষ্ঠির পাশাপাশি ১১ টি ক্ষুদ্র ক্ষুদ্র নৃ-গোষ্ঠির বসবাস। এরা হচ্ছে মারমা, মুরং, ত্রিপুরা, চাকমা, তনচংগ্যা,বম,খিয়াং, চাক, খুমী, লুসাই ও ম্রো। এ জেলার ভূ-প্রকৃতি অন্য দুই পার্বত্য জেলা এবং দেশের অন্যান্য জেলার তুলনায় ভিন্ন। ৮০% এলাকা জুড়ে রয়েছে সুউচ্চ পাহাড় এবং বিস্তীর্ণ বনভূমি। শঙ্খ বা সাংগু, মাতামুহুরী এবং বাক খাল এ জেলার প্রধান নদনদী। দেশের সর্বোচ্চ শৃংগগুলোর অধিকাংশই এ জেলায় অবস্থিত। এখানে রয়েছে প্রাকৃতিক হ্রদ বগালেইক। এছাড়াও রয়েছে ছোট ছোট জলপ্রপাত। এসব প্রাকৃতিক সৌন্দর্য্যের টানে এখানে প্রতি বছর প্রচুর সংখ্যক দেশী-বিদেশী পর্যটক এবং প্রকৃতি প্রেমীর সমাগম ঘটে থাকে। কিন্তু দুর্গম যাতায়াত ব্যবস্থার কারণে এ এলাকার প্রত্যন্ত অঞ্চলের মানুষের আর্ত-সামাজিক অবস্থা নিম্নতম পর্যায়ে। সরকারী ও বেসরকারী সেবা প্রত্যন্ত অঞ্চলে পৌছানো প্রায় দুরূহ ব্যাপার। প্রত্যন্ত এলাকা হতে উপজেলা সদরে যাতায়াতের একমাত্র মাধ্যম মাটির পায়ে হাটা পথ। এতে সময় লাগে প্রায় ৫ থেকে ৬ ঘন্টা। এসব বিষয়াদি বিবেচনা করে উক্ত প্রত্যন্ত জনপদের সাথে উপজেলা সদরের যোগাযোগ নেটওয়ার্ক গড়ে তোলার লক্ষ্যে সম্পূর্ণ জিওবি অর্থায়নে ৪৯৭৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৬ থেকে জুন, ২০২১ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৮.২ **উদ্দেশ্য:**

- প্রত্যন্ত এলাকার সাথে উপজেলা সদরের যোগাযোগ স্থাপন;
- সামাজিক সেবা সরবরাহ প্রতিষ্ঠানে সহজে যোগাযোগ স্থাপন (স্কুল, স্বাস্থ্য কেন্দ্র, বাজার ইত্যাদি);
- নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;
- স্থানীয় কৃষি ও অন্যান্য পণ্যের বাজার সৃষ্টিতে সহায়তা করা;
- পর্যটনের সুযোগ সৃষ্টি করা;
- তথ্যের আদান-প্রদানে সহায়তা করা;

৮.৩ **প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:** (ক) মাটির কাজ (খ) এইচ বি বি সড়ক (গ) ব্রীজ (ঘ)কালভার্ট (ঙ) ড্রেইন (চ) আরসিসি রিটেইনিং ওয়াল (ছ) ব্রীক রিটেইনিংওয়াল

৮.৪ **প্রকল্প অনুমোদন পর্যায়:** আলোচ্য প্রকল্পটি ৪৯৭৫.০০ লক্ষ টাকায় সম্পূর্ণ জিওবি অর্থে জুলাই, ২০১৬ হতে জুন, ২০২১ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২০/১০/২০১৬ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

৯। **প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতি:**

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | অঙ্গের নাম | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | জুন/২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | চলতি ২০১৭-২০১৮ অর্থবছরের লক্ষ্যমাত্রা | | ২০১৭-২০১৮ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে অক্টোবর/২০১৭ পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | **(ক) রাজস্ব ব্যয়ঃ** | | | | | | | | |
| | **সরবরাহ ও সেবাঃ** | | | | | | | | |
| ১। | ডাক মাশুল | ০.৫০ | থোক | | | ০.১০ | ২০% | | |
| ২। | পেট্রোল ও লুব্রিক্যান্ট | ১.০০ | থোক | | | ০.৫০ | ৫০% | | |
| ৩। | মুদ্রণ ও প্রকাশনা | ২.০০ | | ০.৭৮ | ৩৯% | ০.৭৫ | ৩৭.৫০% | | |
| ৪। | ষ্টেশনারী | ২.০০ | থোক | ০.৮০ | ৪০% | ০.৮০ | ৪০% | | |
| ৫। | প্রচার ও বিজ্ঞাপন | ৩.০০ | থোক | ২.৪২ | ৮০.৬৬ % | ০.৫৮ | ১৯.৩৩% | | |
| ৬। | আপ্যায়ন ব্যয় | ৯.০০ | থোক | ০.৫০ | ৫.৫৫% | ১.৫০ | ১৬.৬৭% | | |
| ৭। | সম্মানী | ১০.৪০ | থোক | ০.৫০ | ৪.৮১% | ১.৬৭ | ১৬.০৬% | | |
| ৮। | অন্যান্য ব্যয় | ০.২০ | থোক | - | - | ০.১০ | ৫০% | | |
| ৯। | যানবাহন | ১.১০ | থোক | | | | | | |
| | **উপ-মোট রাজস্বঃ** | ২৯.২০ | | ৫.০০ | ১৭.১২% | ৬.০০ | ২০.৫৫% | | |
| | **(খ) মুলধন খাতঃ** | | | | | | | | |
| ১০। | **সম্পদ সংগ্রহ/ ক্রয়ঃ** | | | | | | | | |
| | (১)মোটর সাইকেল-১২৫ সিসি ( রেজিস্ট্রশন সহ) | ৪.০০ | ০২টি | | | ২.০০ | ৫০% | | |
| | (২)কম্পিউটার | ০.৬৫ | ০১টি | | | ০.৬৫ | ১০০% | | |
| | (৩)প্রিন্টার | ০.১৫ | ০১টি | | | ০.১৫ | ১০০% | | |
| | (৪)অফিস সরঞ্জাম | ১.০০ | থোক | | | ০.৫০ | ৫০% | | |
| | (৫)আসবাবপত্র | ১.০০ | থোক | | | ১.০০ | ১০০% | | |
| ১১। | **নির্মাণ ও পূর্তঃ** | | | | | | | | |
| | (১)মাটির কাজ | ৩৯৬.৬৭ | ২,২৫,৪৪৬ ঘন মিটার | ২২২.১৪ | ৫৬% | ১৬০.০০ | ৪০.৩৪% | | ৩৫% |
| | (২)এইচবিবি সড়ক | ১৬৭৯.১৬ | ৪২.০০ কিঃমিঃ | ৩৫৯.৮২ | ২১.৪৩% | ৪৭৯.৭০ | ২৮.৫৭% | | ২৫% |
| | (৩)ব্রীজ নির্মাণ | ৯৩৬.০০ | ১৮০.০০ মিঃ | ১৭৮.৯৩ | ১৯.১২% | ৩০০.০০ | ৩২.০৫% | | ১৫% |
| | (৪)কালভার্ট | ৩৫৮.৫৪ | ১৮২.০০ মিঃ | ৩৫.০০ | ৯.৭৬% | ১০০.০০ | ২৭.৮০% | | ১২% |
| | (৫)ড্রেইন | ৬৬৫.৯৬ | ২৮,১৪৭.০০ মিঃ | ৯.৪৬ | ১.৪২% | ৭০.০০ | ১০.৫১% | | ১০% |
| | (৬)আসিসি রিটেইনিং ওয়াল | ৪৭৯.২০ | ৯৪৭.৫০ মিঃ | ২০.০০ | ৪.১৭% | ৬০.০০ | ১২.৫২% | | ৮% |
| | (৭)ব্রীক রিটেইনিং ওয়াল | ৩২৮.৫৪ | ১,৫৪৫.০০ মিঃ | ১১.৬৫ | ৩.৫৫% | ৫০.০০ | ১৫.২১% | | ৫% |
| | **উপ-মোট মুলধনঃ** | ৪৮৫০.৮৭ | | ৮৩৬.১৮ | | **১২২৪.০০** | **২৫.২৩%** | | |
| | (গ) প্রাইস কনটিনজেন্সী | **৯৪.৯৩** | **থোক** | | | | | | |
| | **সর্বমোট (ক+খ+গ)** | ৪৯৭৫.০০ | ১০০% | ৮৪১.১৮ (১৬.৯২%) | ১৮.৫০% | ১২৩০.০০ | | | ১৫% |

১০। **প্রকল্পের সার্বিক বাস্তবায়ন অগ্রগতি:** অগ্রগতি প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পের শুরু হতে জুন ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৮৪১.১৮ লক্ষ টাকা, যা মোট ব্যয়ের ১৬.৯২% এবং বাস্তব অগ্রগতি ১৮.৫০%। উল্লেখ্য, প্রকল্পটির মেয়াদকাল জুন ২০২১ পর্যন্ত নির্ধারিত রয়েছে। ২০১৭-২০১৮ অর্থবছরের ডিপিপি'তে ১২৩০.০০ লক্ষ টাকা বরাদ্দসহ অন্তর্ভুক্ত থাকলেও অদ্যাবধি ৩০৭.৫০ লক্ষ টাকা অর্থছাড় করা হয়েছে। অতিবৃষ্টির কারনে ২/৩ মাস কাজ বন্ধ থাকায় অক্টোবর'১৭ পর্যন্ত কোন অর্থ ব্যয় হয়নি। সার্বিক অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনায় প্রকল্পের অগ্রগতি মন্থর মর্মে প্রতীয়মান হয়।

১১। **অর্থবছর অনুযায়ী ডিপিপি'র সংস্থান, এডিপি বরাদ্দ ও ব্যয়:** ডিপিপি'র লক্ষ্যমাত্রার বিপরীতে অগ্রগতি সংক্রান্ত চিত্র নিম্ন সারণীর মাধ্যমে দেখানো হলো:

)লক্ষ টাকায়(

| মোট প্রকল্প ব্যয় | অর্থবছর | অনুমোদিত ডিপিপি/ আরডিপিপি'তে আর্থিক সংস্থান | এডিপি/আরডিপিপি'র বরাদ্দ | ছাড়কৃত অর্থের পরিমান | ব্যয়িত অর্থের পরিমান | অব্যয়িত অর্থ সমর্পন সংক্রান্ত |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৪৯৭৫.০০ | ২০১৬-২০১৭ | ৮৪১.১৮ | ৮৪১.১৮ | ৮৪১.১৮ | ৮৪১.১৮ | - |
| | ২০১৭-২০১৮ | ১২৩০.৩২ | ১২৩০.০০ | ৩০৭.৫০ | - (অক্টোবর'২০১৭ পর্যন্ত) | - |
| | উপমোট: | **২০৭১.৫০** | **২০৭১.১৮** | **১১৪৮.৬৮** | **৮৪১.১৮** | **-** |
| | ২০১৮-২০১৯ | ১২৩৯.৩৩ | - | - | - | - |
| | ২০১৯-২০২০ | ৮২৭.২৮ | | | | |
| | ২০২০-২০২১ | ৮৩৬.৮৯ | | | | |
| **সর্বমোট:** | | ৪৯৭৫.০০ | **২০৭১.১৮** | **১১৪৮.৬৮** | **৮৪১.১৮** | **-** |

১২। **পরিদর্শন:** গত ০৩/১১/২০১৭ তারিখে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "বান্দরবান পার্বত্য জেলার বিভিন্ন উপজেলায় গ্রামীণ সড়ক অবকাঠামো নির্মাণ" শীর্ষক প্রকল্পটির লামা উপজেলার গজালিয়া বাইশপাড়ি হতে চিন্তাবর পাড়া পর্যন্ত সড়ক নির্মাণ কার্যক্রম পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে বান্দরবান জেলার নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট প্রকৌশলীগণ এবং সংশ্লিষ্ট ঠিকাদার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। প্রকল্পটির ক্রয় সংক্রান্ত অগ্রগতি এবং পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নরূপ:

১২.১ **স্কিমের নাম:** "বান্দরবান পার্বত্য জেলার বিভিন্ন উপজেলায় গ্রামীণ সড়ক অবকাঠামো নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় লামা উপজেলার গজালিয়া বাইশপাড়ি হতে চিন্তাবর পর্যন্ত রাস্তায় চেইনেজ ০.০০ কিঃমিঃ হতে ০.৫০ কিঃমিঃ অংশে ব্রীক পেভমেন্ট (এইচ.বি.বি.), ১টি দুইভ্যান্ট আর সি সি বক্স কালভার্ট (০.৪০ কিঃমিঃ অংশে ৫.০০ মিঃ× ৫.০০ মিঃ) সাইজে, আর সি সি রিটেইনিং ওয়াল, ব্রীক প্রতিরোধক ওয়াল, ড্রেইন এবং মাটিকাটা ও মাটি ভরাট কাজ (লট নং-০৮)।

১২.২ **অনুমোদিত কাজের পরিমান ও আর্থিক সংস্থান:** প্রকল্পটির আওতায় বান্দরবান জেলার রুমা, নাইক্ষংছড়ি, লামা, আলীকদম, রৌয়াংছড়ি ও বান্দরবান সদর, উপজেলার জন্য অনুমোদিত ডিপিপি'তে ৮টি সড়ক নির্মাণের সংস্থান রয়েছে যার মোট দৈর্ঘ্য ৪২ কিঃমিঃ এবং সড়ক সংশ্লিষ্ট মাটির কাজ, কালভার্ট, ড্রেইন, ব্রীজ, ব্রিক রিটেইনিং ওয়াল, আরসিসি রিটেইনিং ওয়াল ও সড়ক নির্মাণ কাজের জন্য ৪৯৭৫.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়।

১২.৩ **দরপত্র ক্রয় সংগ্রহ প্রক্রিয়া:** দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ হতে জানা যায় যে, 'দৈনিক সবুজ দেশ' পত্রিকায় ২৩/১২/২০১৬ ইং তারিখে, 'দি ডেইলি আর্থ' পত্রিকায় ২৪/১২/২০১৬ ইং তারিখে এবং 'দৈনিক নতুন বাংলাদেশ' পত্রিকায় ২৪/১২/২০১৬ ইং তারিখে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। প্রাপ্ত ০৩টি দরপত্রের মধ্যে ০৩ টি দরপত্র রেসপনসিভ বিবেচিত হয়েছে। রেসপনসিভ ০৩টি দরপত্রের মধ্যে সর্বনিম্ন টেন্ডারার মেসার্স এম.এম. ট্রেডার্স, মধ্যম পাড়া, বান্দরবান সদর, বান্দরবান শীর্ষক প্রতিষ্ঠানকে ৯৮,৭৫,০০৬.৫০ (আটানব্বই লক্ষ পঁচাত্তর হাজার ছয় টাকা পঞ্চাশ পয়সা) মূল্যে, পরীক্ষা নিরীক্ষান্তে সঠিক এবং প্রাক্কলিত দরের চেয়ে নিম্নদর হওয়ায় দরপত্রটি গ্রহণের সুপারিশ করা হয়।

১২.৪ **বাস্তব কাজ অবলোকন:** সড়কটি লামা উপজেলার গজালিয়া বাইশপাড়ি হতে চিন্তাবর পাড়া পর্যন্ত মোট দৈর্ঘ্য ৬ কিঃমিঃ যার মধ্যে ৩ কিঃমিঃ সড়ক ৩ টি প্যাকেজের মাধ্যমে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। পরিদর্শনে দেখা যায় যে, সড়ক এ্যালাইনমেন্টের প্রথম ১ কিঃমিঃ এর বাস্তবায়ন কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। এ ১ কিঃমিঃ এর শেষ প্রান্তে জলস্রোতের উপর ১২ মিটারের একটি কালভার্ট

নির্মাণ করা হয়েছে। কালভার্টটির ৫০ মিটার পূর্বে একটি বড় টিলা রয়েছে যার মাঝখানের মাটি অপসারন করে সড়কটি নির্মাণ করা হচ্ছে। এ অংশে আরসিসি রিটেইনিং ওয়াল এবং মাটির কাজের পরিমান সংস্থানের চেয়ে অনেকটা বৃদ্ধি পেয়েছে মর্মে পর্যবেক্ষণে প্রতীয়মান হয়। এছাড়া এ সড়ক অংশে দুটি বড় মোড় রয়েছে যেখানে প্রায় ২০ ফিট গভীরতায় মাটি অপসারন করে সড়ক নির্মাণ করা হচ্ছে। ফলে সড়কের এ অংশেও মাটির কাজের পরিমান বৃদ্ধি পাবে। পরিদর্শনে আরও দেখা যায় সড়কের দুই পাশে আরসিসি ড্রেইন নির্মাণ করা হয়েছে। উল্লেখ্য, সড়কটির পরবর্তী দুটি প্যাকেজ ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। বর্তমানে সড়কটির নির্মাণ কাজের জন্য নির্মাণ সামগ্রী সড়কটিতে স্তুপ করে রাখা হয়েছে এবং ১০- ১২ জন শ্রমিককে মাটির কাজ করতে দেখা গেছে।


**পরিদর্শনের স্থির চিত্র:**



চিত্র-১: পাহাড় কেটে নির্মিত সড়ক



চিত্র-২: নির্মাণ কাজের জন্য নির্মাণ সামগ্রী সড়কটিতে স্তুপ করে রাখা।



চিত্র-৩: টিলার শেষ প্রান্তে জনস্রোতের উপর ১২ মিটারের কালভার্ট



চিত্র-৪: মাটির কাজে ব্যস্ত শ্রমিক

১৩। **পরিদর্শন পর্যবেক্ষণ ও বাস্তবায়নে সমস্যা:**

১৩.১ **Feasibility, Technical দিক অনুপস্থিত থাকা:** প্রকল্পটি গ্রহণের পূর্বে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক তিন জন সদস্য দ্বারা এ সম্ভাব্যতা যাচাই পূর্বক সমীক্ষা প্রতিবেদন প্রণয়ন করা হয়। লক্ষ্য করা যায় যে, সম্ভাব্যতা যাচাই সমীক্ষা প্রতিবেদনটির বেশ কিছু দিক ত্রুটিপূর্ণ ছিল। অনুমোদিত প্রকল্পের উৎপাদন উপকরনসমূহ সঠিক মূল্যে পাওয়া যাবে কিনা তথা প্রকৌশলগত নকশা, প্রযুক্তি, বিকল্প উপকরণ সংগ্রহ পন্থা, প্রকল্পের অবস্থান এবং বাজারজাতকরণের সুবিধাদি ইত্যাদি পরীক্ষা করে প্রকল্পের যৌক্তিকতা নির্ণয়ক কাজটি মূলতঃ অনুপস্থিত রয়েছে মর্মে প্রতীয়মান হয়। ফলে সম্ভাব্যতা যাচাই কমিটির প্রতিবেদনের সুপারিশসমূহ অত্যন্ত দুর্বল হয়, যার আলোকে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

১৩.২ **ত্রুটিপূর্ণ ড্রইং, ডিজাইন ও ব্যয় প্রাক্কলন:** ত্রুটিপূর্ণ পরিকল্পনায় বাস্তবায়ন কৌশল নির্ধারণ করা হয়। ফলে ড্রইং ও ডিজাইনের ভিত্তিতে যে ব্যয় প্রাক্কলন করা হয়েছে তা সবই ত্রুটিপূর্ণ থেকে যায়;

১৩.৩ **পরিকল্পিত লক্ষ্যমাত্রা বাস্তবায়নে ধীরগতি:** প্রকল্পটি ৫টি অর্থবছরে বাস্তবায়নের জন্য ৪৯৭৫.০০ লক্ষ টাকার সংস্থান ডিপিপি'তে নির্ধারিত রয়েছে। তন্মধ্যে ২টি অর্থবছরে ডিপিপি'র সংস্থান রাখা হয় ২০৭১.৫০ লক্ষ টাকা, এডিপি/আরএডিপিতে বরাদ্দ প্রদান করা হয় ২০৭১.১৮ লক্ষ টাকা, অক্টোবর ২০১৭ পর্যন্ত ছাড়কৃত অর্থের পরিমান ১১৪৮.৬৮ লক্ষ টাকা এবং এ সময় পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৮৪১.১৮ লক্ষ টাকা যা মোট ব্যয়ের ১৬.৯০%। চলতি অর্থবছরে কোন অর্থ ব্যয় না হওয়ায় প্রকল্পের কাঙ্খিতমাত্রায় অগ্রগতি সাধিত হয়নি মর্মে প্রতীয়মান হয়।

১৩.৪ **সড়কের আইডি নম্বর সংক্রান্ত:** বান্দরবান জেলার ৬টি উপজেলায় ৮টি সড়ক নির্মাণের সংস্থান রয়েছে যার মোট দৈর্ঘ্য ৪২ কিঃমিঃ। এ সড়ক সমূহের জন্য একটি মাত্র আইডি নম্বর ব্যবহার করা হয়েছে। অথচ ডিপিপি'তে ভিন্ন ভিন্ন উপজেলায় ৮ টি ভিন্ন ভিন্ন সড়কের নাম উল্লেখ থাকলেও আইডি নম্বরের ভিন্নতা রাখা হয়নি।

১৩.৫ **সিপিটিইউ এর ওয়েব সাইটে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ না করা:** লামা উপজেলাধীন স্কিমটির দরপত্র বিজ্ঞপ্তি সিপিটিইউ এর ওয়েব সাইটে প্রকাশ করা হয়নি;

১৩.৬ **মাসিক ও ত্রৈমাসিক অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ না করাঃ** প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতির তথ্য আইএমইডি'র ছক-০৫ ও ছক-০৩ অনুযায়ী পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় থেকে আইএমইডি'তে নিয়মিত ভাবে প্রেরণ করা হয় না । ফলে বিভিন্ন সময়ে জাতীয় সংসদ, একনেকসহ অন্যান্য গুরুত্বপূর্ণ দফতরের চাহিদামত তথ্য সরবরাহে সমস্যার সম্মুখীন হতে হয়।

১৪। **সুপারিশ:**

১৪.১ ভবিষ্যতে প্রকল্প গ্রহণের পূর্বে মানসম্মত সম্ভাব্যতা যাচাই পূর্বক সমীক্ষা প্রতিবেদন প্রণয়ন, সড়কের প্রকৃত দৈর্ঘ্য নিরুপণ, বাস্তবতার নিরিখে ব্যয় প্রাক্কলন নিশ্চিতকরণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক প্রকল্প নিতে হবে যাতে উদ্ভূত সমস্যার পুনরাবৃত্তি না হয়;

১৪.২ নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ শতভাগ অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক মনিটরিং ব্যবস্থা জোরদার করে Work Breakdown Structure (WBS) সংশোধন পূর্বক কর্মপরিকল্পনা নতুন করে প্রণয়ন করতে হবে যাতে নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ সম্পন্ন করা সম্ভব হয়;

১৪.৩ প্রতিটি সড়কের আইডি নিশ্চিত করতে হবে। ভবিষ্যতে overlapping হওয়ার সম্ভাবনা থাকবে বিধায় সড়ক ভেদে আইডি নম্বর নিশ্চিত করণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে;

১৪.৪ ভবিষ্যতে ক্রয়সংক্রান্ত বিজ্ঞপ্তি সিপিটিইউ এর ওয়েব সাইটে প্রকাশ করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় যথাযথ পদক্ষেপ গ্রহণ করবে;

১৪.৫ সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবশিষ্ট অর্থ বরাদ্দ নিশ্চিতসহ কাজের তালিকা (Work/Activity list) প্রণয়ন করতে হবে এবং কর্মপরিকল্পনা মোতাবেক Critical Path Methodঅনুসরণ করে যথাসময়ে প্রকল্প সমাপ্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৪.৬ প্রকল্পের সুফল নিশ্চিত করার জন্য একটি পরিপূর্ণ Exit Plan প্রণয়নে এখন হতে সচেষ্ট হতে হবে এবং Exit Plan এর কপি আইএমইডিকে সরবরাহ করতে হবে;

১৪.৭ প্রকল্পটির অগ্রগতি সংক্রান্ত আইএমইডি-০৫ এবং ০৩ ফরমেট অনুযায়ী তথ্য প্রাপ্তি নিশ্চিতকরণে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; এবং

১৪.৮ সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।

০৩-১১-২০১৭

(মো: মশিউর রহমান খান মিথুন)
সহকারী পরিচালক